দৈনিক ইত্তেফাক

132

তারিখ ... MAY 20 1999

পৃঃ ৮ কলাম ৩

## বুয়েট সংকট প্রসঙ্গে

সম্প্রতি বুয়েটে যে অরাজক পরিস্থিতি সৃষ্টি হইয়াছে, তাহা বুয়েটের জন্যে তো বটেই, সমগ্র জাতির জন্য অপমানজনক ও উদ্বেগকর। পরীক্ষা পিছানোর হীন অভিপ্রায়ে একশ্রেণীর ছাত্র ক্যাম্পাসে যে তান্ডবলীলা চালাইয়াছে এবং শিক্ষকদের সহিত দুর্ব্যবহার করিয়াছে, তাহাতে দেশবাসীর সম্মুখে প্রতিটি বুয়েট ছাত্রের মর্যাদা ক্ষুণ্ন হইয়াছে।

পরীক্ষায় ভাল রেজাল্ট লাভ করাই একজন ছাত্রের একমাত্র উদ্দেশ্য হইতে পারে না। সুততা, দেশপ্রেম- এইসব মানবিক গুণ চর্চা করাও তাহার দায়িত্বের মধ্যে পড়ে। নৈতিকতা বিবর্জিত যেসব ছাত্র নির্দ্বিধায় জনগণের কষ্টার্জিত অর্থে পরিচালিত একটি শিক্ষা প্রতিষ্ঠানের লক্ষ লক্ষ টাকার সম্পত্তি ধ্বংস করিতে পারে, ভবিষ্যতে বড় ইঞ্জিনিয়ার হইয়া তাহারা দেশের কতটা উপকারে আসিবে তাহা সহজেই অনুমেয়। আমি মনে করি, বুয়েটের অধিকাংশ ছাত্র-ছাত্রী এই সকল ভাংচুর এবং অহেতুক পরীক্ষা পিছানোর দাবীর বিপক্ষে। তাই তাহাদেরকে সংঘবদ্ধ হইয়া এই অন্যায়কে প্রতিরোধ করিতে হইবে।

এই পরিস্থিতিতে বুয়েট প্রশাসনের ভূমিকা আরও অধিক হতাশাজনক। ভাংচুর বন্ধের জন্য বুয়েট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে, যাহা প্রকারান্তরে ভাংচুরের সার্থকতা প্রমাণ করে। ভাংচুর করিলেই যদি পরীক্ষা পিছানো যায়, তবে ভবিষ্যতেও এই দাবী আদায়ের লক্ষ্যে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটিবে। অনির্দিষ্টকালের জন্য ক্লাস বন্ধ ঘোষণা না করিয়া অন্যভাবে শান্তিপূর্ণ উপায়ে এই সমস্যা সমাধান করা প্রয়োজন। আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনতিবিলম্বে আলোচনার মাধ্যমে উদ্ভূত সংকট নিরসনে সচেষ্ট হইবেন এবং বুয়েট খুলিয়া দিবেন।

মনন মাহবুব,
সলিমুল্লাহ রোড,
মোহাম্মদপুর, ঢাকা।